JAN. 9 2001

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

# বেসরকারি প্রাথমিক শিক্ষকদের আগামী ৭ ফেব্রুয়ারি উপজেলায় বিক্ষোভ কর্মসূচি

বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি মোঃ সামসুল আলমের সভাপতিত্বে সমিতির প্রধান কার্যালয়ে গতকাল সোমবার কেন্দ্রীয় ও জেলা প্রতিনিধিদের এক যৌথ সভা অনুষ্ঠিত হয়।

সভায় ঈদুল ফিতরের পূর্বে শিক্ষকদের নভেম্বর-ডিসেম্বর মাসের বেতন প্রদান না করায় এবং ঈদুল আজহার পূর্বে জানুয়ারি-ফেব্রুয়ারি মাসের বেতন প্রদানের দাবিতে আগামী ৭ ফেব্রুয়ারি সকল উপজেলা নির্বাহী অফিসারের কাছে বিক্ষোভ মিছিলসহ স্মারকলিপি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় সিদ্ধান্ত হয় যে, প্রতি মাসে বেতন প্রদানে প্রধানমন্ত্রীর ঘোষণাটি বাস্তবায়ন ও ঈদের পূর্বে বেতন প্রদান না করলে আগামী ১০ ফেব্রুয়ারির পর বৃহত্তর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে।

সভায় বক্তব্য রাখেন সমিতির সভাপতি, আলহাজ্ব আক্কাছ আলী শেখ, যুগ্ম মহাসচিব মহিউদ্দিন খন্দকার, আবু বকর ছিদ্দিক, সাংগঠনিক সম্পাদক মৃগেন্দ্র মোহন সাহা, দপ্তর সম্পাদক জ্যোতিষ মন্ডল, আবদুস ছাত্তার, আবুল কালাম আবুল হাসেম, নজরুল ইসলাম, তোফাজ্জল হোসেন আলমসহ জেলা প্রতিনিধিবৃন্দ।

বক্তারা বলেন, প্রধানমন্ত্রীর কাছে ঈদের পূর্বে বেতন দেওয়ার আহ্বান জানালেও প্রধানমন্ত্রী আমাদের আহ্বানে সাড়া দেননি। এমনকি শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের পক্ষ থেকে বেতন না দেওয়া সম্পর্কে কোনো প্রকার ব্যাখ্যা প্রদান করা হয়নি।

সভায়, আগামী ঈদের পূর্বে জানুয়ারি, ফেব্রুয়ারি মাসের বেতন প্রদানের জন্য প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী, শিক্ষা সচিব ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ইউনিটের হস্তক্ষেপ কামনা করা হয়। বিজ্ঞপ্তি।